

# দিনাজপুর বোর্ডে সব দিক থেকে এগিয়ে মেয়েরা

দিনাজপুর  
প্রতিনিধি

১৫ অক্টোবর,  
২০২৪ ১৪:৪৮

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার প্রকাশিত ফলাফলে পাসের হার ও জিপিএ ৫- সব বিভাগে মেয়েরা এগিয়ে রয়েছেন। মঙ্গলবার (১৫ অক্টোবর) দিনাজপুর শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার

ফলাফলে চেয়ারম্যান প্রফেসর স ম আব্দুস সামাদ আজাদ স্বাক্ষরিত পরিসংখ্যানে এ তথ্য জানানো হয়।

এবার দিনাজপুর বোর্ডে জিপিএ ৫ পেয়েছেন ১১ হাজার ২৯৫ জন। এদের মধ্যে মেয়ে আট হাজার ১১০ জন ও ছেলে ছয় হাজার ১৮৫ জন।

ছেলেদের তুলনায় মেয়েদের সংখ্যা এক হাজার ৯২৫ জন বেশি।

পরিসংখ্যানে জানানো হয়, এবার এই বোর্ডের অধীনে আটটি জেলার ৬৬৫টি প্রতিষ্ঠানের মোট এক লাখ ১২ হাজার ১১৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। তাদের মধ্যে ৮৬ হাজার ৯৫৪ জন পরীক্ষার্থী পাস করেছেন। মোট পাসের হার ৭৭.৫৬ শতাংশ।

এদের মধ্যে মেয়েদের পাসের হার ৮১.০১ শতাংশ এবং ছেলেদের পাসের হার ৭৩.৯৭ শতাংশ। মেয়েরা ৭.১৩ শতাংশ বেশি পাস করেছেন।

ফলাফলে আরো দেখা যায়, বিজ্ঞান, মানবিক, বাণিজ্য ও হিসাববিজ্ঞানেও মেয়েরা ছেলেদের চেয়ে ভালো করেছেন।

বিজ্ঞান বিভাগে পাসের হার ৯০.৭৮ শতাংশ।

যার মধ্যে ছেলেরা ৯০.২৪ শতাংশ ও মেয়েরা ৯১.৩৪ শতাংশ। ছেলেদের চেয়ে মেয়েদের পাসের হার ১.১ শতাংশ বেশি।

মানবিক বিভাগে পাসের হার ৭৩.৩৫ শতাংশ। যার মধ্যে ছেলেরা ৬৭.৮৩ শতাংশ ও মেয়েরা ৭৮.১৩ শতাংশ। ছেলেদের চেয়ে মেয়েদের পাসের হার ১০.২৯ শতাংশ বেশি।

হিসাববিজ্ঞান বিভাগে পাসের হার ৬৪.৪৫ শতাংশ। যার মধ্যে ছেলেরা ৬৩.৩৭ শতাংশ ও মেয়েরা ৬৬.২৮ শতাংশ। ছেলেদের চেয়ে মেয়েরা ২.৯১ শতাংশ বেশি।

ছেলেরা পাস করেছেন ৪০ হাজার ৬৬৫ জন ও মেয়েরা পাস করেছেন ৪৬ হাজার ২৮৯ জন।